

25. FEB 20 3

তারিখ . . . . .  
পৃষ্ঠা . . . . .

দৈনিক  
**ইত্তেফাক**

## চট্টগ্রামে শিক্ষা মেলা আগামীকাল শুরু ॥ অংশ নিচ্ছে ৪০টি প্রতিষ্ঠান

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা। চট্টগ্রামে আবারো শুরু হতে  
যাচ্ছে শিক্ষা মেলা। শিক্ষা সঙ্ক-  
সারণ এই মূল উদ্দেশ্যকে সামনে  
রেখে বেসরকারী মার্কেটিং সংগঠন  
'ডিএওসে' দ্বিতীয় বারের মতো  
শিক্ষা মেলার আয়োজন করছে।  
আগামীকাল বুধবার থেকে চার-  
দিনব্যাপী এই শিক্ষা মেলা চট্টগ্রাম  
ইন্ডিয়ান্স ইনস্টিটিউশন অডিটোরিয়ামে  
অনুষ্ঠিত হবে। সারা দেশ  
থেকে প্রায় ৪০টি শিক্ষা প্রতিষ্ঠান  
এবারের মেলায় অংশগ্রহণ করবে

বলে আয়োজক সংগঠনের পক্ষ  
থেকে আশা প্রকাশ করা হয়েছে।  
এর মধ্যে রয়েছে বিভিন্ন বিশ্ব-  
বিদ্যালয়, আইটি ইনস্টিটিউট, কলেজ  
ফ্যাশন ইনস্টিটিউট, বিদেশী শিক্ষা  
প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ। শিক্ষা  
মেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের  
অংশগ্রহণে সেমিনার, ফ্যাশন শো  
অনুষ্ঠিত হবে। এই কর্মসূচী-  
গুলো মেলা চলাকালীন সারাদিন  
চলবে। মেলার বিভিন্ন শিক্ষা প্রতি-  
ষ্ঠানের কোর্স সম্পর্কে জানা যাবে।